গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রংপুর সরকারি সিটি কলেজ, রংপুর

বিজ্ঞপ্তি নং-২৫২ তারিখ : ২৫/০৯/২০২৫ খ্রি.

# একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ৪র্থ পর্যায়ের আবেদনকারী শিক্ষার্থীদের দিনাজপুর শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত কলেজভিত্তিক চূড়ান্ত তালিকা অনুযায়ী অত্র কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে **কলেজ ওয়েবসাইট rgccr.college.gov.bd অথবা www.rgccr.gov.bd তে প্রবেশ করে ভর্তি ফরম পূরণ করে ও নির্ধারিত ফি অনলাইনে প্রদানের পর পূরণকৃত আবেদন এর কপি এবং নিম্নে উল্লিখিত ডকুমেন্টসহ কলেজে জমা প্রদানপূর্বক ভর্তি সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।**

১। ভর্তির তারিখ : ২৮ ও ২৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি.

২। ভর্তির সময় : প্রতিদিন সকাল ১০.০০ টা হতে বেলা ১.৩০ টা পর্যন্ত।

৩। প্রয়োজনীয় কাগজপত্র (ভর্তি ফরম এর সাথে যা সংযুক্ত করতে হবে)।

ক) অনলাইনে প্রাপ্ত ভর্তি ফরম কলেজে অবশ্যই জমা দিতে হবে;

খ) এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মূল রেজিস্ট্রেশন কার্ড ও ফটোকপি-১ কপি;

গ) প্রশংসাপত্র ও প্রবেশপত্রের মূল এবং ফটোকপি-১কপি করে;

ঘ) শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি-১ কপি (অবশ্যই জন্মসনদ সংখ্যা ১৭ ডিজিটের ও অনলাইন হতে হবে);

ঙ) পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি- ০৪ (চার) কপি;

চ) শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১ কপি (১০ অথবা ১৭ ডিজিট);

ছ) পিতা-মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১ কপি (১০ অথবা ১৭ ডিজিট)।

জ) শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল নগদ মোবাইল ব্যাংকিং(যে নগদ নম্বরটি প্রদান করবে তা অন্য কেহ ব্যবহার করতে পারবে না, কেবলমাত্র একজন শিক্ষার্থী ব্যবহার করতে পারবে)।

ঝ) কোটায় সুযোগপ্রাপ্ত প্রার্থীকে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি দাখিল করতে হবে ও মূল কপি প্রদর্শন করতে হবে;

ঞ) শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর অবশ্যই সচল হতে হবে। পরবর্তীতে এই নম্বরে ভর্তি সংক্রান্ত ও অন্যান্য SMS প্রেরণ করা হবে।

৪। ভর্তি ফি'র হিসাব বিবরণী :-

| ক্রমিক নং | বিভাগ | ছাত্র | ছাত্রী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | বিজ্ঞান বিভাগ | ২৯২৯.০০ | ২৬৮৯.০০ | অনলাইন চার্জ প্রযোজ্য |
| ২. | মানবিক বিভাগ | ২৮০৯.০০ | ২৫৬৯.০০ | |
| ৩. | ব্যবসায় শিক্ষা বিভাগ | ২৭৬৯.০০ | ২৫২৯.০০ | |

বিশেষ দ্রষ্টব্য:

১। পাঠ বিরতি ফি (যারা ২০২৩ ও ২০২৪ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে) ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।

২। পাঠপরিকল্পনা, টাই, সোল্ডার ও ব্যাজ নির্দিষ্ট মূল্যে অফিস থেকে সংগ্রহ করতে হবে।

২৫

(প্রফেসর মোঃ সোহরাব উদ্দীন-১৬০৪৮)
অধ্যক্ষ
রংপুর সরকারি সিটি কলেজ, রংপুর

প্রফেসর মোঃ সোহরাব উদ্দীন-১৬০৪৮
অধ্যক্ষ